

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৭, ২০১৪

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ অগ্রহায়ণ, ১৪২১/২৭ নভেম্বর, ২০১৪

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৩ অগ্রহায়ণ, ১৪২১ মোতাবেক ২৭ নভেম্বর, ২০১৪ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১৪ সনের ১৬ নং আইন

রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ এর অধিকতর সংশোধনকল্পে  
প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সর্গক্ষণ্ড শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

( ১৯৬৯১ )

মূল্য ৪ টাকা ৪.০০

২। ১৯৮৯ সনের ১৯ নং আইনের ধারা ২ এর সংশোধন।—রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর দফা (খ) এ উল্লিখিত “তনচৈংগা” শব্দটির পরিবর্তে “তঞ্চঙ্গ্যা” শব্দটি এবং “পাংখু” শব্দটির পরিবর্তে “পাংখোয়া” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৩। ১৯৮৯ সনের ১৯ নং আইনের ধারা ৪ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪ এর উপ-ধারা (৩) এর—

(ক) দফা (গ) এ উল্লিখিত “তনচৈংগা” শব্দটির পরিবর্তে “তঞ্চঙ্গ্যা” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (চ) এ উল্লিখিত “পাংখু” শব্দটির পরিবর্তে “পাংখোয়া” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। ১৯৮৯ সনের ১৯ নং আইনের ধারা ১৬ক এর সংশোধন।—উক্ত আইন এর ধারা ১৬ক এর উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) একজন চেয়ারম্যান যিনি উপজাতীয় হইবেন ও নিম্নবর্ণিত চৌদ্দ জন সদস্য সমন্বয়ে সরকার অন্তর্বর্তীকালীন পরিষদ গঠন করিবে, যথা:—

(ক) চাকমা উপজাতি হইতে মনোনীত চার জন সদস্য;

(খ) মারমা উপজাতি হইতে মনোনীত দুই জন সদস্য;

(গ) খেয়াং, লুসাই ও পাংখোয়া উপজাতি হইতে মনোনীত এক জন সদস্য;

(ঘ) তঞ্চঙ্গ্যা উপজাতি হইতে মনোনীত এক জন সদস্য;

(ঙ) ত্রিপুরা উপজাতি হইতে মনোনীত এক জন সদস্য;

(চ) অ-উপজাতীয় হইতে মনোনীত তিন জন সদস্য;

(ছ) উপজাতীয় মহিলা হইতে মনোনীত একজন সদস্য; এবং

(জ) অ-উপজাতীয় মহিলা হইতে মনোনীত একজন সদস্য।

মোঃ আশরাফুল মকবুল  
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd